কার    চোখের চাওয়ার হাওয়ায় দোলায় মন,
তাই     কেমন হয়ে আছিস সারাক্ষণ ॥
হাসি যে তাই অশ্রুভারে নোওয়া,
ভাবনা যে তাই মৌন দিয়ে ছোঁওয়া,
ভাষায় যে তোর সুরের আবরণ ॥
তোর   পরানে কোন্ পরশমণির খেলা,
তাই     হৃদ্‌গগনে সোনার মেঘের মেলা।
দিনের স্রোতে তাই তো পলকগুলি
ঢেউ খেলে যায় সোনার ঝলক তুলি,
কালোয় আলোয় কাঁপে আঁখির কোণ ॥

---

Parjaay: Prem, Taal: Sasthi, Raag: Kalingara-Bhairavi
Visit www.geetabitan.com for notation and other detail